

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া একত্রীকরণ : নূতন কার্যকরী পরিষদ গঠন

সভাপতি ড. বোরহান উদ্দিন ও সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র

গত ২১শে মার্চ রোববার বিকাল ৪.৩০ মিনিটে ইস্টলেকস্ট সেন্ট স্টিফেনস চার্চ হলে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া একত্রীকরণের উদ্দেশ্যে জনাব গামা আব্দুল কাদির ও ড. বোরহান উদ্দিন নেতৃত্বাধীন দুই বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব গামা আব্দুল কাদির।

এ সভায় দুটি পরিষদ বিলুপ্তির মধ্যদিয়ে বঙ্গবন্ধু পরিষদের একত্রীকরণ হয়। সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে ড. বোরহান উদ্দিনকে সভাপতি ও ড. রোনাল্ড পাত্রকে সাধারণ সম্পাদক করে নতুন কার্যকরী কমিটি গঠন করা হয়।

নব নির্বাচিত সভাপতি ড. বোরহান উদ্দিন ও সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তাঁরা দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়ন ও বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন দিন বদলের সরকারকে সহযোগিতার জন্য প্রবাসে কাজ করবে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া। তাই জাতির জনকের আদর্শকে সম্মুখ রেখে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়াকে আরও গতিশীল করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

বিনীত-

গামা আব্দুল কাদির

০৪০২ ০৫৫ ৪৪৪